রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী
erajshahi.portal.gov.bd

# রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪'এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ২য় সভার কার্যবিবরণী:

**সভার তারিখ : ১০ নভেম্বর, ২০২৪**
**সময় : বেলা ১১:০০ ঘটিকা**
**স্থান : সিটি হল সভাকক্ষ**

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ "ক"

সভার শুরুতে সভাপতি সরকার কর্তৃক কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনা জন্য গঠিত কমিটির সদস্য হিসেবে আমন্ত্রিত কর্মকর্তাগণকে ২য় সভায় উপস্থিত থাকার জন্য শুভেচ্ছা জানান। অত:পর সভাপতি এজেন্ডাভিত্তিক আলোচনার জন্য সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচি-১ ঃ গত ০৬.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ১ম সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ।**

**আলোচনা** ঃ আলোচনায় প্রকাশ পায় যে, (ক) পঞ্চবার্ষিকী এ্যাসেমেন্টে বেসরকারি হোল্ডিং এর কর নির্ধারণের বিষয়ে কমিটি কর্তৃক সহনীয় পর্যায়ে কর নির্ধারণকরত: স্থায়ী কমিটির মাধ্যমে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য প্রস্তাব করা হয়।
(খ) ওয়ার্ড এর পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনার জন্য ২৯ (উনত্রিশ) টি ওয়ার্ডের ডালি, কোদাল, ড্রেন কাটা, ব্লিচিং পাউডার, ব্রাশ ভ্যানের খুচরা যন্ত্রাংশ, বডি মেরামত ও ঝাটার খিল ইত্যাদি ক্রয় বাবদ ওয়ার্ড প্রতি ১০% ভ্যাট ও ৭% আয়করসহ ১০,০০০.০০ (দশ হাজার) টাকার স্থলে ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা করে এবং ১২ নং ওয়ার্ডের জন্য ১৫,০০০.০০ টাকার স্থলে ১৮,০০০.০০ (আঠারো হাজার) টাকার মধ্যে মালামাল ক্রয়ের প্রস্তাব করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপরিউক্ত সংশোধনীসহ গত ০৬.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ১ম সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পাঠন্তে দৃঢ়ীকরণ করা হয়। বাস্তবায়নে : বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট), রাসিক।

**আলোচ্যসূচি-২** ঃ অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি : গত ২৯.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী'র নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ পাঠ ও অনুমোদন।

**আলোচনা ঃ** আলোচনায় প্রকাশ পায় যে, (ক) আসন্ন শীতকালে রাজশাহী সিটি কর্পোরেশনের অবৈধ বৈদ্যুতিক লাইন বিচ্ছিন্নকরণের বিষয়ে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে নেসকো ও জেলা প্রশাসনের সহযোগিতায় মোবাইল কোর্ট পরিচালনা এবং ৩০ জন ওয়ার্ড সচিবকে অবৈধ বৈদ্যুতিক সংযোগের বিষয়ে সাধারণ জনগণকে নিরুৎসাহিত করার প্রস্তাব দেয়া হয়। বাস্তবায়নে : এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাসিক।
(খ) তালাইমারী মোড় হতে আলুপট্টির মোড় পর্যন্ত বাঁধের উপরে সড়ক বাতির প্রয়োজনীয়তার ভিত্তিতে নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)কে জ্বালানো/বন্ধ করার প্রস্তাব করা হয়। বাস্তবায়নে : নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), রাসিক।

**সিদ্ধান্ত ঃ** উপরিউক্ত সংশোধনীসহ গত ২৯.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি সভার গৃহিত সুপারিশসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি-৩ ঃ** নগর অবকাঠামো নির্মান ও সংরক্ষণ স্থায়ী কমিটি : গত ২৩.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী'র নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ পাঠ ও অনুমোদন।

**আলোচনা ঃ** আলোচনায় প্রকাশ পায় যে, শালবাগান কাঁচাবাজারের প্রকৃত দোকান মালিক ও ব্যবসায়ীগণের ভিডিও ছবিসহ তালিকা প্রস্তুতকরণের প্রস্তাবে একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ উপরিউক্ত সংশোধনীসহ গত ২৩.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত নগর অবকাঠামো নির্মান ও সংরক্ষণ স্থায়ী কমিটির গৃহীত সুপারিশসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), রাসিক।

**আলোচ্যসূচি-৪** ঃ দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলরগণের দায়িত্ব ও কার্যাবলী সম্পর্কে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিবদের নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

**আলোচনা** ঃ আলোচনায় প্রকাশ পায় যে, (ক) সভায় আলোচনায় প্রকাশ পায় যে, দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলরগণের মধ্যে কেউ যদি নাগরিক সুবিধা সংক্রান্ত সনদপত্রে স্বাক্ষর করতে দ্বিমত পোষণ করেন সেক্ষেত্রে উক্ত ওয়ার্ডের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিব উক্ত সনদপত্রসমূহ স্বাক্ষরের জন্য মাননীয় প্রশাসকের নিকট উপস্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**(খ)** অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিবদের প্রস্তাবের আলোকে ওয়ার্ড কার্যালয়ে কর্মরত দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীদের শুক্রবারে মজুরি প্রদানের উদ্দেশ্যে প্রস্তাবনা প্রস্তুতকরণের জন্য উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী মহোদয়কে আহবায়ক করে ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলরগণের মধ্যে কেউ যদি নাগরিক সুবিধা সংক্রান্ত সনদপত্রে স্বাক্ষর করতে দ্বিমত পোষণ করেন সেক্ষেত্রে উক্ত ওয়ার্ডের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিব উক্ত সনদপত্রসমূহ স্বাক্ষরের জন্য মাননীয় প্রশাসকের নিকট উপস্থাপন করার সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিব, রাসিক।

(খ) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিবদের প্রস্তাবের আলোকে ওয়ার্ড কার্যালয়ে কর্মরত দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীদের শুক্রবারে মজুরি প্রদানের বিষয়ে প্রস্তাবনা প্রস্তুতকরণের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**কমিটির রূপরেখা :-**

| | |
|---|---|
| (১) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। | আহবায়ক |
| (২) প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন। | সদস্য |
| (৩) বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন। | সদস্য |
| (৪) সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন। | সদস্য সচিব |

বাস্তবায়নে : সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি-৫** ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন "সিটি সেন্টার" মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ মূল্য, বরাদ্দ মূল্যের ১০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর বাবদ অর্থ জমা প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**আলোচনা**ঃ আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন "সিটি সেন্টার" মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ মূল্য, বরাদ্দ মূল্যের ১০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর বাবদ অর্থ জমাকরণের জন্য বিভিন্ন মাধ্যম ব্যবহারপূর্বক পুনরায় নোটিশ প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন "সিটি সেন্টার" মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ মূল্য, বরাদ্দ মূল্যের ১০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর বাবদ অর্থ জমাকরণের জন্য বিভিন্ন মাধ্যম ব্যবহারপূর্বক পুনরায় নোটিশ প্রদানের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : উপ-সচিব (অস্থায়ী), রাসিক।

**আলোচ্যসূচি-৬** ঃ রাজশাহী সিটি কর্পোরেশন এলাকার বোয়ালিয়া মৌজার জেল নম্বর : ০৯, আরএস খতিয়ান নম্বর : ১৯, আরএস দাগ নম্বর : ৭৯৪, জমির পরিমান .১২৭৫ একর, রাজশাহী সিটি কর্পোরেশন এর নিজস্ব সম্পত্তিতে রেডক্রিসেন্ট ব্লাডব্যাংক কমপ্লেক্স নির্মাণের বিষয়ে ভাইস চেয়ারম্যান, রেড ক্রিসেন্ট, সিটি ইউনিট, রাজশাহী'র আবেদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**আলোচনা**ঃ আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশন এলাকার বোয়ালিয়া মৌজার জেল নম্বর : ০৯, আরএস খতিয়ান নম্বর : ১৯, আরএস দাগ নম্বর : ৭৯৪, জমির পরিমান .১২৭৫ একর, রাজশাহী সিটি কর্পোরেশন এর নিজস্ব সম্পত্তিতে রেডক্রিসেন্ট ব্লাডব্যাংক কমপ্লেক্স নির্মাণে আবেদনের বিষয়টি নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সভায় উপস্থাপনপূর্বক সুপারিশ গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বিষয়টি নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), রাসিক।

**আলোচ্যসূচি-৭** ঃ ০৫/২৩-২৪ নম্বর এলএ-কেসভূক্ত "সিটি কবরস্থান এবং ঈদগাহ মাঠ" নির্মানার্থে ৪.৬১৩১ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাবিত প্রকল্প বাতিল সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**আলোচনাঃ** ০৫/২৩-২৪ নম্বর এলএ-কেসভূক্ত "সিটি কবরস্থান এবং ঈদগাহ মাঠ" নির্মানার্থে ৪.৬১৩১ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাবিত প্রকল্প বাতিল করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে ০৫/২৩-২৪ নম্বর এলএ-কেসভূক্ত "সিটি কবরস্থান এবং ঈদগাহ মাঠ" নির্মানার্থে ৪.৬১৩১ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাবিত প্রকল্প বাতিলকরণের সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সম্পত্তি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাসিক।

**আলোচ্যসূচি-৮** ঃ রাজশাহী সিটি কর্পোরেশন এর নিজস্ব অর্থায়নে জাহানারা জামান স্মৃতি ফাউন্ডেশন খেলার মাঠ সম্প্রসারণে নালিশি ১.৯৫৬ একর জমির ক্রয় কার্যক্রম স্থগিত/বাতিল সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**আলোচনা ঃ** আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক খেলার মাঠটি রক্ষণাবেক্ষনসহ দখলে নেয়ার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করা প্রয়োজন । **তাছাড়া** রাজশাহী সিটি কর্পোরেশন এর নিজস্ব অর্থায়নে জাহানারা জামান স্মৃতি ফাউন্ডেশন খেলার মাঠ সম্প্রসারণে নালিশি ১.৯৫৬ একর জমির ক্রয় কার্যক্রম চলমানপূর্বক খেলার মাঠের নামকরণ বাতিলপূর্বক এলাকার নামে নামকরণ, ব্যক্তিমালিকানাধীন নালিশী ১.৯৫৬ একর জমির সামাজিকভাবে ক্রয়ের ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ ও উক্ত উদ্যোগ ব্যর্থ হলে আইনী প্রক্রিয়ার মাধ্যমে ক্রয় কার্যক্রম গ্রহণ এবং খেলার মাঠের ব্যক্তিমালিকানাধীন নালিশী ১.৯৫৬ একর জমি ছাড়া অবশিষ্ট ভূমি ১ নম্বর খাস খতিয়ানে অন্তর্ভূক্তকরণের জন্য জেলা প্রশাসককে পত্র দেয়া প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক খেলার মাঠটি রক্ষণাবেক্ষনসহ দখলে নেয়ার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সম্পত্তি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাসিক।

(খ) রাজশাহী সিটি কর্পোরেশন এর নিজস্ব অর্থায়নে জাহানারা জামান স্মৃতি ফাউন্ডেশন খেলার মাঠ সম্প্রসারণে নালিশি ১.৯৫৬ একর জমির ক্রয় কার্যক্রম চলমানপূর্বক খেলার মাঠের নামকরণ বাতিলপূর্বক এলাকার নামে নামকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সম্পত্তি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাসিক।

(গ) ব্যক্তিমালিকানাধীন নালিশী ১.৯৫৬ একর জমির সামাজিকভাবে ক্রয়ের ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং উক্ত উদ্যোগ ব্যর্থ হলে আইনী প্রক্রিয়ায় ক্রয় কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সম্পত্তি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাসিক।

(ঘ) খেলার মাঠের ব্যক্তিমালিকানাধীন নালিশী ১.৯৫৬ একর জমি ছাড়া অবশিষ্ট ভূমি ১ নম্বর খাস খতিয়ানে অন্তর্ভূক্তকরণের জন্য জেলা প্রশাসককে পত্র দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সম্পত্তি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাসিক।

**আলোচ্যসূচি-৯** ঃ অর্থ মন্ত্রণালয়, অর্থ অনুবিভাগ প্রবিধি অনুবিভাগ প্রবিধি-৩ অধিশাখা কর্তৃক গত ২৪.০৫.২০১৬ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-১)-৯৩ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী রাজশাহী সিটি কর্পোরেশন নিয়মিত দক্ষ শ্রমিকদের মজুরি হার ৬০০/- (ছয়শত) এবং অনিয়মিত অদক্ষ শ্রমিকদের মজুরি হার ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**আলোচনা ঃ** আলোচনায় প্রকাশ পায় যে, আলোচ্যসূচি ৪ নম্বর এর গঠিত কমিটির মাধ্যমে আলোচনাপূর্বক অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি এর সভায় উপস্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বিষয়টি আলোচ্যসূচি ৪ নম্বর এর গঠিত কমিটির মাধ্যমে আলোচনাপূর্বক অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : আলোচ্যসূচি ৪ নম্বর এর গঠিত কমিটি ও বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি-১০** ঃ রাজশাহী সিটি কর্পোরেশন মার্কেট উপ-আইন, ২০১৪ এবং রাজশাহী সিটি কর্পোরেশন ইমারত নির্মাণ ও পুন:নির্মাণ ফি উপ-আইন, ২০২২ বিষয়ে বর্তমান পরিষদকে অবহিতকরণ।

**আলোচনা ঃ** আলোচনায় প্রকাশ পায় যে,আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশন মার্কেট উপ-আইন, ২০১৪ এবং রাজশাহী সিটি কর্পোরেশন ইমারত নির্মাণ ও পুন:নির্মাণ ফি উপ-আইন, ২০২২ বিষয়ে নোটিশ করার সময় উক্ত উপ-আইন,২০২২ এর ধারা উল্লেখপূর্বক নোটিশ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশন মার্কেট উপ-আইন, ২০১৪ এবং রাজশাহী সিটি কর্পোরেশন ইমারত নির্মাণ ও পুন:নির্মাণ ফি উপ-আইন, ২০২২ বিষয়ে নোটিশ করার সময় উক্ত উপ-আইন,২০২২ এর ধারা উল্লেখপূর্বক নোটিশ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক ।

**আলোচ্যসূচি-১১ ঃ** গত ৫ আগস্ট ২০২৪ তারিখে ছাত্র জনতার আন্দোলনে ক্ষতিগ্রস্থ ১৫টি ওয়ার্ড কার্যালয়ের আসবাবপত্রসহ অন্যান্য মালামাল সরবরাহ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

| ক্র নং | আসবাবপত্রের বিবরণ | সংখ্যা | এককদর | মোটদর |
|---|---|---|---|---|
| ০১ | সদস্য (কাউন্সিলর) সেক্রেটারিয়েট টেবিল (৬′ × ৩′) | ১৫ (পনের) টি | ১৮,৭০৮/- | ২,৮০,৬২০/- |
| ০২ | সদস্য (কাউন্সিলর) উন্নত চেয়ার | ১৫ (পনের) টি | ১৬,৬৯৩/- | ২,০০,৩৯৫/- |
| ০৩ | ওয়ার্ড সচিবের টেবিল (৫′ × ৩′) | ১৫ (পনের) টি | ১২,৩০৮/- | ১,৮৪,৬২০/- |
| ০৪ | ওয়ার্ড সচিবের চেয়ার | ১৫ (পনের) টি | ৮,৩১৩/- | ১,২৪,৬৯৫/- |
| ০৫ | কম্পিউটার টেবিল (৩′- ৩″ × ১′-৮″) | ১৫ (পনের) টি | ৮,৬১৬/- | ১,২৯,২৪০/- |
| ০৬ | কম্পিউটার চেয়ার | ১৫ (পনের) টি | ৬,৭৬৯/- | ১,০১,৫৩৫/- |
| ০৭ | হাতল গেস্ট চেয়ার লোহার | ৬০ (ষাট) টি | ৪,৩০৮/- | ২,৫৮,৪৮০/- |
| ০৮ | সিঙ্গেল গেস্ট চেয়ার লোহার | ৩০ (ত্রিশ) টি | ২,৭০৮/- | ৮১,২৪০/- |
| ০৯ | প্লাষ্টিক সিঙ্গেল চেয়ার (আর এফ এল নোভানা) | ১৫০ (একশত পঞ্চাশ) টি | ৭০০/- | ১,০৫,০০০/- |
| ১০ | স্টীল আলমিরা | ১৫ (পনের) টি | ২৬,১১৭/- | ৩,৯১,৭৫৫/- |
| ১১ | স্টীল ফাইল ক্যাবিনেট | ১৫ (পনের) টি | ১৭,৮৫৮/- | ২,৬৭,৮৭০/- |
| ১২ | লোহার র‌্যাক | ১৫ (পনের) টি | ১৮,৮৩১/- | ২,৮২,৪৬৫/- |
| ১৩ | পর্দা কাপড় (৪′-১′ × ৮″-৬′) | ১৫০ (একশত পঞ্চাশ) পার্ট | ৬০০/- | ৯০,০০০/- |
| ১৪ | সিলিং ফ্যান | ৩০ (ত্রিশ) টি | ৩,৭১৪/- | ১,১১,৪২০/- |
| | | | | |

**আলোচনা ঃ** আলোচনায় প্রকাশ পায় যে, দাপ্তরিক কাজের স্বার্থে মালামালগুলি জরুরী ক্রয় করা প্রয়োজনীয়তা দেখা দেয়ায় সংক্রান্ত বিধিবিধান প্রতিপালনপূর্বক উপরে উল্লিখিত মালামাল ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজের স্বার্থে মালামালগুলি জরুরী ক্রয় করা প্রয়োজনীয়তা দেখা দেয়ায় সংক্রান্ত বিধিবিধান প্রতিপালনপূর্বক উপরে উল্লিখিত মালামাল ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : ষ্টোর কর্মকর্তা, রাসিক ।

**আলোচ্যসূচি-১২ ঃ** বিবিধ

**আলোচনা ঃ** (ক) সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, বিগত ২০০৭ সালে রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় প্রায় ৭০০০ (সাত হাজার) কুকুর ছিল। বর্তমানে তা বৃদ্ধি পেয়ে প্রায় ৫০,০০০ (পঞ্চাশ হাজার) হয়েছে। এতে করে রাজশাহী সিটি কর্পোরেশন এলাকার সাধারণ জনগণের চলাচলসহ জীবন হুমকীর সম্মুখিন হয়ে পড়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কুকুর নিধন করা যাবে না। এমতাবস্থায়, কুকুর যাতে বৃদ্ধি না পায় তা নিয়ন্ত্রণের জন্য ভ্যাকসিনেশন এর ব্যবস্থা করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সমন্বয়ে কুকুর নিয়ন্ত্রণের জন্য ভ্যাকসিনেশন এর ব্যবস্থার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) বিষয় ঃ উন্নয়ন সহায়ক তহবিলের আওতায় ২০১৬-১৭ হতে ২০২৩-২৪ অর্থ বছরের বকেয়া ঠিকাদারী বিল প্রদান প্রসঙ্গে।

এ বিষয়ে বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা জানান রাজশাহী সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক বাস্তবায়িত মোট ৭৮টি প্যাকেজে উন্নয়ন সহায়ক তহবিলের আওতায় ২০১৬-১৭ হতে ২০২৩-২৪ অর্থ বছরের বকেয়া বিল রয়েছে। তিনি জানান কোন বিল আংশিক দেয়া হলেও সম্পূর্ণ বিল দেয়া সম্ভব হয় নি। আবার কোন বিল একেবারে প্রদান করা হয় নি। তিনি জানান মোট বকেয়া বিলের পরিমাণ ৪,৫৫,০৮,৯৭৫.০০ টাকা বর্তমান সময়ে পরিশোধিত অর্থের পরিমাণ ৩৮,৯১,২৩২.০০ টাকা। অবশিষ্ট অর্থের পরিমাণ ৪,১৬,১৭,৭৪৩.০০ (চার কোটি ষোল লক্ষ সতের হাজার সাতশত তেতাল্লিশ টাকা) মাত্র। নিম্নে বছর ভিত্তিক বিলের পরিমাণ উল্লেখ করেন।

২০১৬-১৭ হতে ২০২৩-২০২৪ পর্যন্ত উন্নয়ন সহায়ক তহবিলের বিলের বকেয়ার হিসাব

| অর্থ বছর | প্যাকেজের সংখ্যা | বকেয়ার পরিমাণ | পরিশোধিত অর্থ | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| ২০১৬-২০১৭ | ১১ | ৪৩,৬৬,১৮৪.০০ | ৩,৫৯,২৩২.০০ | ৪০,০৬,৯৫২.০০ |
| ২০১৭-২০১৮ | ০৮ | ১৭,৬৩,১০৮.০০ | ০.০০ | ১৭,৬৩,১০৮.০০ |
| ২০১৮-২০১৯ | ০৮ | ২৮,৬৬,৩৭৮.০০ | ০.০০ | ২৮,৬৬,৩৭৮.০০ |
| ২০১৯-২০২০ | ১২ | ৬৩,৯০,০৯৬.০০ | ০.০০ | ৬৩,৯০,০৯৬.০০ |
| ২০২০-২০২১ | ০৮ | ৩১,৬২,৭৮৪.০০ | ০.০০ | ৩১,৬২,৭৮৪.০০ |
| ২০২১-২০২২ | ০৪ | ৩৬,২৫,২৭৮.০০ | ২০,০০,০০০.০০ | ১৬,২৫,২৭৮.০০ |
| ২০২২-২০২৩ | ০৮ | ৩৬,৫৩,৯৭৫.০০ | ১৫,৩২,০০০.০০ | ২১,২১,৯৭৫.০০ |
| ২০২৩-২০২৪ | ১৯ | ১,৯৪,৭২,৩৩৬.০০ | ০.০০ | ১,৯৪,৭২,৩৩৬.০০ |
| | | ৪,৫৫,০৮,৯৭৫.০০ | ৩৮,৯১,২৩২.০০ | ৪,১৬,১৭,৭৪৩.০০ |

এ বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, বিলগুলো সিটি কর্পোরেশনের সম্পাদিত কাজের অপরিশোধিত বিল। বর্তমানে বিলগুলো পর্যায়ক্রমে সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়ক তহবিলের প্রাপ্তি সাপেক্ষে পরিশোধ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** সভায় বিগত বছর সমূহের (২০১৬-১৭ হতে ২০২৩-২৪) মোট বকেয়া বিল ৪,১৬,১৭,৭৪৩.০০ (চার কোটি ষোল লক্ষ সতের হাজার সাতশত তেতাল্লিশ টাকা) মাত্র সিটি কর্পোরেশনের আর্থিক সংগতি সাপেক্ষে উন্নয়ন সহায়ক তহবিল/নিজস্ব তহবিল হতে বকেয়া বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক।

(গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী সভাকে অবহিত করেন যে, রাজশাহী ওয়াসা কর্তৃক "রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনগার" শীর্ষক প্রকল্পের আওতায় ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপনের জন্য রাজশাহী সিটি কর্পোরেশনের রাস্তা ব্যবহারের অনুমতির বিষয়ে গত ০৬.১১.২০২৪ খ্রি. তারিখের ১২০৪ নম্বর স্মারকে রাজশাহী সিটি কর্পোরেশনকে পত্র দেয়া হয়েছে। পত্রের প্রেক্ষিতে উক্ত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টির বিষয়টি সর্ব্বোচ্চ সর্তকতার সাথে বিবেচনায় নেয়া প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** রাজশাহী ওয়াসা কর্তৃক "রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনগার" শীর্ষক প্রকল্পের আওতায় ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপনের জন্য রাজশাহী সিটি কর্পোরেশনের রাস্তা ব্যবহারের অনুমতির বিষয়ে গত ০৬.১১.২০২৪ খ্রি. তারিখের ১২০৪ নম্বর স্মারকে রাজশাহী সিটি কর্পোরেশনকে পত্র দেয়ার প্রেক্ষিতে উক্ত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টির বিষয়টি সর্ব্বোচ্চ সর্তকতার সাথে বিবেচনায় নেয়ার সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), রাসিক।

**আলোচনা (ঘ) ঃ** সভাপতি সভাকে অবহিত করেন যে, পরিবেশ অধিদপ্তর কর্তৃক শব্দের মাত্রা পরিমাপক এলইডি স্কিন রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় স্থাপন করা হবে। তা লক্ষীপুর মোড়ে স্থাপনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত)কে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** পরিবেশ অধিদপ্তর কর্তৃক শব্দের মাত্রা পরিমাপক এলইডি স্কিন রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় স্থাপন করা হবে। তা লক্ষীপুর মোড়ে স্থাপনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত)কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা (ঙ) ঃ** সভাপতি সভাকে অবহিত করেন যে, রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্ন সংস্থার/প্রতিষ্ঠানের ব্যানার, পোস্টার, ফেস্টুন শহরের সৌন্দর্য্য নষ্ট করছে। এগুলো উচ্ছেদের জন্য অত্র কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্ন সংস্থার/প্রতিষ্ঠানের ব্যানার, পোস্টার, ফেস্টুন শহরের সৌন্দর্য্য নষ্ট করায় তা উচ্ছেদের জন্য অত্র কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা (চ) ঃ** সভাপতি সভাকে অবহিত করেন যে, রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় ফুটপাতের উপরে ড্রেনের ঢাকনা/স্ল্যাব কে বা কাহারা চুরি করে নিয়ে যাচ্ছে। এতে করে সাধারণ মানুষের ফুটপাতের উপর দিয়ে চলাচলের জন্য ঝুঁকির সম্মুখিন হচ্ছে। ওয়ার্ড সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের প্রয়োজনীয় তদারকি করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় ফুটপাতের উপরে ড্রেনের ঢাকনা/স্ল্যাব কে বা কাহারা চুরি হওয়ায় সাধারণ মানুষের ফুটপাতের উপর দিয়ে চলাচলের জন্য ঝুঁকির সম্মুখিন হচ্ছে। এ বিষয়ে ওয়ার্ড সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের প্রয়োজনীয় তদারকি করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা (ছ) ঃ** সভাপতি সভাকে অবহিত করেন যে, রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় মশা নিয়ন্ত্রণে লারভী সাইড নিধণ কার্যক্রমসহ ড্রেনের পানির প্রবাহ সচল রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া প্রয়োজন। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ও ওয়ার্ড সচিবগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। এ বিষয়ে সভায় সভায় একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় মশা নিয়ন্ত্রণে লারভী সাইড নিধণ কার্যক্রমসহ ড্রেনের পানির প্রবাহ সচল রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ও ওয়ার্ড সচিবগণ দায়িত্ব পালন করবেন। এ বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা (জ) ঃ** আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশন এর ৩০ (ত্রিশ) টি ওয়ার্ড কার্যালয়ের দাপ্তরিক কাজের স্বার্থে ইন্টারনেট বিল ওয়ার্ড প্রতি ১,০০০.০০ (এক হাজার) টাকা বরাদ্দ প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** রাজশাহী সিটি কর্পোরেশন এর ৩০ (ত্রিশ) টি ওয়ার্ড কার্যালয়ের দাপ্তরিক কাজের স্বার্থে ইন্টারনেট বিল ওয়ার্ড প্রতি ১,০০০.০০ (এক হাজার) টাকা বরাদ্দের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নের : বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক।

**আলোচনা (ঞ) ঃ** প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সভাকে জানান যে, কিশোর ফুটবল একাডেমী একটি আন্তর্জাতিক মানের ফুটবল প্রশিক্ষণ কেন্দ্র। উক্ত প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনার জন্য ইতোপূর্বে মাসিক ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা অনুদান দেয়া হতো। প্রেক্ষাপট পরিবর্তনের কারণে বেশ কয়েকমাস উক্ত অনুদান স্থগিত ছিল। পুনরায় অনুদানের বিষয়টি বহাল রাখার প্রস্তাব করেন। প্রশাসক মহোদয় এ বিষয়ে সভাকে জানান যে, অন্যবিধ সমস্যা না থাকলে পূর্বের ন্যায় ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা বরাদ্দ অনুমোদন দেয়া যেতে পারে। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** সভায় আলোচনান্তে কিশোর ফুটবল একাডেমীকে প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনার জন্য মাসিক ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা বরাদ্দের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

পরিশেষে সভাপতির সমাপণী ভাষনে বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর ও কর্মকর্তাগণের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালনে সচেষ্ট থাকবেন। যাতে মহানগরবাসী নাগরিক সেবা হতে বঞ্চিত না হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর)
প্রশাসক
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং: ৪৬.১২.০০০০.০০৩.১৭.১১৪.২৪. তারিখ: কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/ নভেম্বর ২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রাজশাহী।

৩। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি-কমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল),রাজশাহী।
৪। পরিচালক, স্বাস্থ্য, রাজশাহী বিভাগ।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
৬। উপ-ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা), রাজশাহী।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/প্রাথমিক শিক্ষা, রাজশাহী।
৯। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী।
১০। বিভাগীয় প্রধান ...............................................................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
১১। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
১২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ ও প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশনের একান্ত সচিব (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন এঁর সদয় অবগতির জন্য)।
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, রাজশাহী।
১৪। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার(ক্রাইম এন্ড অপারেশনস), রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
১৫। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী।
১৬।সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী।
১৭। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১৮। ..............................................................................................., রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
২০। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
২১। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিব, ওয়ার্ড নম্বর :.........., রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
২২। ..........................................................................................................., রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
২৩। অফিস নথি।

(ড. এ.বি.এম শরীফ উদ্দিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন।